



## খালেদা জিয়ার জন্য সর্বজনীন দোয়ার আহ্বান তাসনিম জারার



সংগৃহীত ছবি

এনসিপির সিনিয়র যুগ্ম সদস্যসচিব ডা. তাসনিম জারা বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সংকটাপন্ন শারীরিক অবস্থায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। শনিবার নিজের একটি ফেসবুক পোস্টে তিনি রাজনৈতিক ভেদাভেদ ভুলে দেশের মানুষের প্রতি খালেদা জিয়ার সুস্থতার জন্য দোয়া করার আহ্বান জানান।

ডা. জারা লিখেছেন, “রাজনীতি, মতাদর্শ—সবকিছুর উর্ধ্বে একজন মানুষের জীবন। তাই বেগম খালেদা জিয়ার আরোগ্যের জন্য সবার কাছে দোয়া চাই।”

তিনি জানান, মাত্র এক সপ্তাহ আগে একটি অনুষ্ঠানে খালেদা জিয়ার সঙ্গে তার অল্প সময়ের কথা হয়। সেই সংক্ষিপ্ত আলাপেও সাবেক প্রধানমন্ত্রী তাকে দেশে থেকে দেশের মানুষের পাশে কাজ করে যাওয়ার উপদেশ দেন। জারার ভাষায়, “অনেকেই এমন কথা বলেন, কিন্তু খালেদা জিয়ার মুখে এ উপদেশের গভীরতা ও সত্যতা ছিল সম্পূর্ণ ভিন্ন।”

তাসনিম জারা আরও বলেন, জীবনের সবচেয়ে কঠিন সময়েও খালেদা জিয়া দেশ ও জনগণের প্রতি দায়িত্ব থেকে সরে যাননি। দীর্ঘ প্রতিকূলতা, বেদনা ও অপমান সহ্য করেও তিনি আদর্শ ও অবস্থান থেকে এক মুহূর্তের জন্যও আপোষ করেননি। তার ধৈর্য, সহনশীলতা ও দৃঢ়তা দেশের রাজনৈতিক ইতিহাসে অনুকরণীয় উদাহরণ হয়ে থাকবে।

শেষে মহান আল্লাহ তায়ালার কাছে প্রার্থনা জানিয়ে তাসনিম জারা বলেন, “আল্লাহ যেন বেগম খালেদা জিয়ার ওপর রহমত বর্ষণ করেন, তাকে সুস্থতা ও শান্তি দান করেন।”